

ছাত্ররাজনীতি সেই আদর্শবিচ্যুত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেছেন, ষাটের দশকের ছাত্ররাজনীতির আদর্শ ছিল দেশ ও জনগণের কল্যাণ সাধন। কিন্তু বর্তমান ছাত্ররাজনীতি সেই আদর্শ থেকে বিচ্যুত হয়ে গোষ্ঠীস্বার্থ-নির্ভর হয়ে পড়েছে। এ অবস্থা থেকে বেরিয়ে জাতির বৃহত্তর স্বার্থে আদর্শিক ও গণমুখী হতে হবে।

গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষাকেন্দ্রে ৪৯তম সনাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় অনেক বরণ্য রাজনীতিকের জন্ম দিয়েছে। তারা স্বাধীনতার সংগ্রাম এবং জাতীয়

উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

ছাত্ররাজনীতির পথ বেয়েই তাঁদের উত্থান ঘটেছে। ছাত্ররাজনীতির সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশাল সংযোগ রয়েছে। রাষ্ট্রপতি বলেন, 'আমি ছাত্ররাজনীতির বিপক্ষে নই, নেতৃত্ব সৃষ্টিতে ছাত্ররাজনীতির প্রয়োজন রয়েছে। কিন্তু সেই রাজনীতি হতে হবে আদর্শিক ও জনকল্যাণমুখী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নানামুখী অবদানের কথা স্বরণ করে রাষ্ট্রপতি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তবুদ্ধি চর্চা, শিক্ষা-গবেষণা, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নে নেতৃত্ব দিয়েছে। বিশ্বে এটিই একমাত্র বিশ্ববিদ্যালয়, যেটি মাতৃভাষার

▶▶▶ পৃষ্ঠা ১৩, ক. ৫